গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রোমোটিং রাইটস এন্ড এডভান্সমেন্ট অফ উইমেন
এন্ড গার্লস টু প্রিভেন্ট জিবিভি প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

## প্রোমোটিং রাইটস এন্ড এডভান্সমেন্ট অফ উইমেন এন্ড গার্লস টু প্রিভেন্ট জিবিভি প্রকল্প

প্রকল্পের মেয়াদঃ অক্টোবর ২০২৩ থেকে ডিসেম্বর-২০২৬।

প্রকল্পের কর্মএলাকাঃ সিরাজগঞ্জ, গাইবান্ধা, কক্সবাজার, জামালপুর, পটুয়াখালী, বাগেরহাট, বরগুনা, নোয়াখালী, বান্দরবান ও ঢাকা (জাতীয় পর্যায়) সহ মোট ১০টি জেলা।

প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ঃ ৮২৬.১৪ (লক্ষ টাকা) সম্পূর্ণ বৈদেশিক সাহায্য (UNFPA এর অনুদান)

**প্রকল্পের লক্ষ্যঃ**

২০২৬ সালের মধ্যে, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ ও প্রতিকারে কমিউনিটি ও জিবিভি এক্টরদেরকে সম্পৃক্ত করে সচেতনতামূলক কার্যক্রম ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে নারীদের জন্য সহিংসতামুক্ত, জেন্ডার বৈষম্যহীন, ক্ষতিকর চর্চামুক্ত ও অংশগ্রহণমূলক একটি পরিবেশ তৈরি করা যাতে করে নারীরা তাদের অধিকার সম্পর্কে সচেতন হয় এবং জীবনের সকলক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণে সক্ষম হয়।

**উদ্দেশ্যঃ**

• জেন্ডার মূল্যবোধের ইতিবাচক পরিবর্তন এবং জেন্ডার-ভিত্তিক সহিংসতা এবং ক্ষতিকারক অনুশীলনের গ্রহণযোগ্যতা হ্রাস, যা সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীকে অন্তর্ভুক্ত করে একটি অন্তর্ভূক্তিক্তিমূলক ও স্থিতিশীল কমিউনিটি তৈরিতে অবদান রাখে।

• একটি সক্রিয় আইনি এবং নীতি পরিবেশ; উন্নয়ন এবং মানবিক পরিবেশে সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর মধ্যে জেন্ডার- ভিত্তিক সহিংসতাকে আরও ভালভাবে মোকাবিলা করার জন্য জাতীয় এবং মাঠ পর্যায়ে সক্ষমতা বৃদ্ধি এবং উন্নততর সমন্বয় এবং সারভাইভার সেন্টারড পরিষেবার বিধানগুলিকে শক্তিশালী করা;

## পটভুমি

অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় জেন্ডার ভিশন হচ্ছে বাংলাদেশকে এমন একটি দেশে পরিণত করা যেখানে নারী-পুরুষ উভয়ই সমান ভাবে সকল সুবিধা সুযোগ-সুবিধা ভোগ করতে পারে এবং দেশের আর্থ-সামাজিক ও রাজনৈতিক উন্নয়নে নারীদের অবদান সমানভাবে মূল্যায়িত হবে, এই পরিকল্পনায় জেন্ডার সমতা ও নারীর ক্ষমতায়নের মূল এজেন্ডা হল নীতিগত ও কৌশলগত কার্যক্রম গ্রহণ করা যা শুধু নারীর দক্ষতা উন্নয়নের সুযোগ সুবিধা নিশ্চিত করবে না, একইসাথে ক্ষতিকর চর্চা পরিবর্তনে ও অধিকার নিশ্চিতের বিদ্যমান প্রতিবন্ধকতাসমূহ দূরীকরণে অগ্রণী ভূমিকা পালন করবে। "Promoting Rights and Advancement of Women and Girls to Prevent GBV" শীর্ষক প্রকল্পটি অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার জেন্ডার ভিশন, মিশন, এজেন্ডা বাস্তবায়নে অবদান রাখার নিমিত্তে প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রকল্পের কার্যক্রমসমূহ অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় উল্লেখিত নারীর ক্ষমতায়ন ও জেন্ডার সমতা কাঠামোর পাঁচটি কৌশলগত উদ্দেশ্য অর্জনে সহায়ক ভূমিকা পালন করবে। অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনার পাশাপাশি প্রকল্পের কার্যক্রমসমূহ জাতীয় নারী উন্নয়ন নীতি, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা, জনসংখ্যা ও উন্নয়নের আন্তর্জাতিক সম্মেলনের অসমাপ্ত এজেন্ডা, নারীর প্রতি সকল প্রকার বৈষম্য দূরীকরণের কনভেনশন প্লাটফর্ম ফর একশন (সিডও) অনুসরণে পরিচালিত হবে। এই প্রকল্প যা নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে কমিউনিটি ও জিবিভি এক্টরদেরকে সম্পৃক্ত করে

সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়নের পাশাপাশি জিবিভি এক্টরদের সক্ষমতা ও সমন্বয় বৃদ্ধির মাধ্যমে নারীদের জন্য একটি সহিংসতামুক্ত, জেন্ডার বৈষম্যহীন ও অংশগ্রহণমূলক পরিবেশ তৈরিতে অগ্রণী ভূমিকা পালন করবে। UNFPA এর ১০ম কান্ট্রি প্রোগ্রামের আওতায় এই প্রকল্প পরিচালিত হচ্ছে।

**১। লক্ষিত জনগোষ্ঠী ও সেবাদাতাদের মধ্যে জেন্ডার ভিত্তিক সহিংসতা, ক্ষতিকর সামাজিক চর্চা ও প্রচলিত ক্ষতিকর নিয়মসমূহের প্রতিরোধকল্পে সামাজিক ও আচরণগত পরিবর্তনে কমিউনিটির সম্পৃক্তকরণ কার্যক্রমের উদ্যোগ গ্রহণ;**

ক) SBCC পরিকল্পনা বাস্তবায়ন

খ) SBCC ও GBV National Referral Guideline টেকনিক্যাল কমিটির নিয়মিত সভা/কর্মশালা

গ) IEC উপকরণ মুদ্রণ

ঘ) SBCC পরিকল্পনার মূল্যায়ন

ঙ) লক্ষিত জনগোষ্ঠীর মধ্যে জেন্ডার ভিত্তিক সহিংসতার কারণ ফলাফল সম্পর্কিত ধারণার মূল্যায়ন

**২।বৈষম্য এবং ক্ষতিকারক সামাজিক চর্চা ও নিয়ম-কানুন মোকাবেলায় এবং সিদ্ধান্ত গ্রহণে দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনজনিত কারণে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীসহ প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর (বিশেষ করে নারী ও মেয়েদের) সক্ষমতা বৃদ্ধি করা;**

ক) নারীর উন্নয়নে Soft Skill এর উপর প্রশিক্ষণ মডিউল প্রণয়ণ ও প্রশিক্ষণ পরিচালনা

খ) মবিঅ এর কার্যক্রমে Evidence Based Gender Transformative GBV Prevention and Response অন্তর্ভুক্তকরণের নিমিত্ত এডভোকেসি, মবিঅ কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ

গ) সমাজে ইতিবাচক পরিবর্তন আনয়ন এবং জেন্ডার সহায়ক কর্মপরিবেশ নিশ্চিতকল্পে ইউনিয়ন পরিষদের সদস্যদেরদের প্রশিক্ষণে জেন্ডার ও জেন্ডার-ভিত্তিক সহিংসতা সম্পর্কিত বিষয় অন্তর্ভুক্তকরণে জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউটের সাথে এডভোকেসিতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে কারিগরি সহায়তা প্রদান

ঘ) জেন্ডার ও জিবিভি বিষয়ে নির্বাচিত ইউপি সদস্যদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ

**৩। জেন্ডার ভিত্তিক সহিংসতার ব্যাপকতা, ক্ষতিকর চর্চা এবং সামাজিক নিয়ম ও সম্পর্কিত ঝুঁকিসমূহের কারণগুলি অনুধাবনে তথ্য সংগ্রহসহ প্রমাণ-ভিত্তিক গবেষণা ও বিশ্লেষণে কারিগরি পরামর্শ এবং সহায়তা প্রদান;**

ক) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও মহিলা বিষয়ক অধিদপতরের জিবিভি সংক্রান্ত তথ্য-উপাত্ত ব্যবস্থাপনার শক্তিশালীকরণ

খ) পারিবারিক সহিংসতা, যৌন হয়রানী ও বহুল আলোচিত/আলোড়িত বিষয়ে কনসাল্টেশন সভা/সেমিনার

গ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও স্টেকহোল্ডারদের সাথে VAW Survey এর উপর কনসালটেশন সভা/সেমিনার

ঘ) পারিবারিক সহিংসতা আইন/ রুলস/হাইকোর্টের নির্দেশনা/বা এসকল বিষয়ে কোন সংশোধনী বা প্রণয়ণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও সিভিল সোসাইটি সংগঠনের সাথে মতবিনিময় সভা

ঙ) জিবিভি সংক্রান্ত আইন/বিধিসমূহে বৈষম্যমূলক ধারা চিহ্নিতকরণ ও সংশোধনের উদ্যোগ গ্রহণে প্রয়োজনীয় এডভোকেসি করা

সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়নের পাশাপাশি জিবিভি এক্টরদের সক্ষমতা ও সমন্বয় বৃদ্ধির মাধ্যমে নারীদের জন্য একটি সহিংসতামুক্ত, জেন্ডার বৈষম্যহীন ও অংশগ্রহণমূলক পরিবেশ তৈরিতে অগ্রণী ভূমিকা পালন করবে। UNFPA এর ১০ম কান্ট্রি প্রোগ্রামের আওতায় এই প্রকল্প পরিচালিত হচ্ছে ।

**১। লক্ষিত জনগোষ্ঠী ও সেবাদাতাদের মধ্যে জেন্ডার ভিত্তিক সহিংসতা, ক্ষতিকর সামাজিক চর্চা ও প্রচলিত ক্ষতিকর নিয়মসমূহের প্রতিরোধকল্পে সামাজিক ও আচরণগত পরিবর্তনে কমিউনিটির সম্পৃক্তকরণ কার্যক্রমের উদ্যোগ গ্রহণ;**

ক) SBCC পরিকল্পনা বাস্তবায়ন

খ) SBCC ও GBV National Referral Guideline টেকনিক্যাল কমিটির নিয়মিত সভা/কর্মশালা

গ) IEC উপকরণ মুদ্রণ

ঘ) SBCC পরিকল্পনার মূল্যায়ন

ঙ) লক্ষিত জনগোষ্ঠীর মধ্যে জেন্ডার ভিত্তিক সহিংসতার কারণ ফলাফল সম্পর্কিত ধারণার মূল্যায়ন

**২।বৈষম্য এবং ক্ষতিকারক সামাজিক চর্চা ও নিয়ম-কানুন মোকাবেলায় এবং সিদ্ধান্ত গ্রহণে দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনজনিত কারণে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীসহ প্রান্তিক ও বিচ্ছিন্ন জনগোষ্ঠীর (বিশেষ করে নারী ও মেয়েদের) সক্ষমতা বৃদ্ধি করা;**

ক) নারীর উন্নয়নে Soft Skill এর উপর প্রশিক্ষণ মডিউল প্রণয়ণ ও প্রশিক্ষণ পরিচালনা

খ) মবিঅ এর কার্যক্রমে Evidence Based Gender Transformative GBV Prevention and Response অন্তর্ভুক্তকরণের নিমিত্ত এডভোকেসি, মবিঅ কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ

গ) সমাজে ইতিবাচক পরিবর্তন আনয়ন এবং জেন্ডার সহায়ক কর্মপরিবেশ নিশ্চিতকল্পে ইউনিয়ন পরিষদের সদস্যদেরদের প্রশিক্ষণে জেন্ডার ও জেন্ডার-ভিত্তিক সহিংসতা সম্পর্কিত বিষয় অন্তর্ভুক্তকরণে জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউটের সাথে এডভোকেসিতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে কারিগরি সহায়তা প্রদান

ঘ) জেন্ডার ও জিবিভি বিষয়ে নির্বাচিত ইউপি সদস্যদের দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ

**৩। জেন্ডার ভিত্তিক সহিংসতার ব্যাপকতা, ক্ষতিকর চর্চা এবং সামাজিক নিয়ম ও সম্পর্কিত ঝুঁকিসমূহের কারণগুলি অনুধাবনে তথ্য সংগ্রহসহ প্রমাণ-ভিত্তিক গবেষণা ও বিশ্লেষণে কারিগরি পরামর্শ এবং সহায়তা প্রদান;**

ক) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও মহিলা বিষয়ক অধিদপতরের জিবিভি সংক্রান্ত তথ্য-উপাত্ত ব্যবস্থাপনার শক্তিশালীকরণ

খ) পারিবারিক সহিংসতা, যৌন হয়রানী ও বহুল আলোচিত/আলোড়িত বিষয়ে কনসাল্টেশন সভা/সেমিনার

গ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও স্টেকহোল্ডারদের সাথে VAW Survey এর উপর কনসালটেশন সভা/সেমিনার

ঘ) পারিবারিক সহিংসতা আইন/ রুলস/হাইকোর্টের নির্দেশনা/বা এসকল বিষয়ে কোন সংশোধনী বা প্রণয়ণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও সিভিল সোসাইটি সংগঠনের সাথে মতবিনিময় সভা

ঙ) জিবিভি সংক্রান্ত আইন/বিধিসমূহে বৈষম্যমূলক ধারা চিন্নিহিতকরণ ও সংশোধনের উদ্যোগ গ্রহণে প্রয়োজনীয় এডভোকেসি করা

৪। জেন্ডার ভিত্তিক সহিংসতা, ক্ষতিকর চর্চা এবং সামাজিক নিয়ম সম্পর্কিত বিদ্যমান আইন, নীতি এবং প্রতিরোধ ও প্রতিক্রিয়া কর্মসূচিসমূহ বাস্তবায়ন ও পর্যবেক্ষণ করতে সংশ্লিষ্ট সরকারী স্টেকহোল্ডারদের মধ্যে সচেতনতা, জ্ঞান এবং দক্ষতা বৃদ্ধি করা;

ক) NAP VAW মনিটরিং ফ্রেমওয়ার্ক পর্যালোচনা ও প্রশিক্ষণ

খ) মন্ত্রণালয় ও অধিদপ্তরের কর্মকর্তাদের জন্য জিবিভি সেবা প্রদানে স্বাস্থ্যসেবা প্রটোকল এর উপর প্রশিক্ষণ

৫। জেন্ডার ভিত্তিক সহিংসতা এবং ক্ষতিকারক অনুশীলন প্রতিরোধ এবং প্রতিক্রিয়ায় মাল্টি-সেক্টরাল কর্মসূচি, আইন এবং নীতিগুলির সমন্বয়ের জন্য সরকার এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সক্ষমতা বৃদ্ধি করা;

ক) জিবিভি জাতীয় ও সাব-ক্লাস্টার মিটিং, কর্মশালা

খ) প্রকল্প বাস্তবায়ন ও স্টীয়ারিং কমিটি মিটিং

গ) NAP VAW অনুযায়ী জিবিভি প্রতিরোধে জাতীয় পর্যায়ে (আন্তঃমন্ত্রণালয়) সমন্বয়ে কারিগরি সহায়তা

ঘ) জিবিভি মোকাবিলায় UPR, CEDAW, ICPD ও আন্তর্জাতিক প্রতিশ্রুতিসমুহে প্রতিবেদনে মন্ত্রণালয়কে সহায়তা করা

৬। আন্তর্জাতিক মানদন্ডের সাথে সঙ্গতি রেখে মানবিক বিপর্যয়সহ যেকোনো পরিস্থিতিতে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে মাল্টি-সেক্টরাল, সারভাইভার-কেন্দ্রিক প্রতিক্রিয়া সহ রেফারেল ও মনিটরিং প্রতিক্রিয়াসমূহ বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক ও ব্যক্তিগত সক্ষমতা বৃদ্ধি করা;

ক) জিবিভির ঘটনায় ওসিসি/স্বাস্থ্যসেবা প্রদানকারীদের জন্য প্রশিক্ষণ

খ) জিবিভি প্রতিরোধে প্রতিবন্ধীতাসম্পন্ন নারী ও তাদের কেয়ারগিভারদের জন্য কর্মপরিকল্পনা ও প্রশিক্ষণ

## <u>প্রকল্পের বাস্তব অগ্রগতি:</u>

- **পারিবারিক সহিংসতা প্রতিরোধ ও সুরক্ষা আইন ২০১০ হালনাগাদকরণ ও যৌন হয়রানী প্রতিরোধ ও সুরক্ষা আইন, ২০২৪** প্রণয়নের লক্ষ্যে জাতীয় পর্যায় ও জেলা সমুহে অবহিতকরণ সভা করা হয়েছে। ইত্যেমধ্যে মন্ত্রণালয়ের ওয়েবসাইডে পারিবারিক সহিংসতা প্রতিরোধ ও সুরক্ষা আইন ২০১০ হালনাগাদকরণ এবং যৌন হয়রানী প্রতিরোধ ও সুরক্ষা আইন, ২০২৪ মতামতের জন্য আপলোড করা হয়েছে এবং প্রাপ্ত মতামতসমূহ আন্তঃমন্ত্রণালয়ের চূড়ান্ত সভার জন্য সমন্বিত করার কাজ চলমান।

- **ইউনিভার্সেল পিরিয়ডিক রিভিউ রিপোর্ট** (UPR) (৪র্থ সাইকেল) এর উপর বাস্তবায়ন পরিকল্পনা প্রস্তুতের কর্মশালা অনুষ্ঠিত হয় যেখানে বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিনিধি অংশগ্রহন করেন ও ইউপিআর সভার এর সুপারিশের আলোকে কর্মপরিকল্পনার খসড়া প্রস্তুত করা হচ্ছে ।

- প্রকল্পের প্রশিক্ষণ আওতায় **জিবিভি কেইস ম্যানেজমেন্ট** বিষয়ে ০৫দিন ব্যাপী একটি আবাসিক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে । প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের মধ্যে ছিলেন মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক (ডিডি), উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সহকারী পরিচালক, প্রোগ্রাম অফিসার, ওয়ান স্টপ ক্রাইসিস সেল/সেন্টার (OCC) প্রতিনিধি, জাতীয় ও আঞ্চলিক ট্রমা কাউন্সেলিং সেন্টার (RTCC) কর্মী, ১০৯ হটলাইন ভিত্তিক সেবাদানকারী, নারী নির্যাতন প্রতিরোধ (VAW) সেল এর সদস্য,

সমাজকল্যাণ কর্মকর্তা এবং ১০৯-এর মানসিক স্বাস্থ্য ও জেন্ডারভিত্তিক সহিংসতা (MHPSS/GBV) কেস ম্যানেজমেন্ট অফিসার। এই প্রশিক্ষণে মোট ২৫ জন কর্মকর্তা অংশগ্রহন করেছেন । বর্তমানে মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রশিক্ষণ কার্যক্রমে কেস ম্যানেজমেন্ট বিষয়টি অর্ন্তভূক্তিকরণের কার্যক্রম চলমান।

- **জিবিভি ক্লাস্টার ও সাব-ক্লাস্টার কার্যক্রম:**

  আওতায় জেলা পর্যায় জিবিভি ওয়ার্কিং গ্রুপের সভা এ পর্যন্ত মোট ২৮টি সভা অনুষ্ঠিত হয়েছে । জাতীয় পর্যায় ১৬টি জিবিভি ক্লাস্টার সভা আয়োজন করা হয়েছে, যেখানে ৩০টি সংগঠনের ৫২৪ জন প্রতিনিধি অংশগ্রহণ করেছেন। জেলা পর্যায়ে ১২টি (ফেনী, নোয়াখালী, খাগড়াছড়ি, পটুয়াখালী, গাইবান্ধা, বান্দরবান ও কুমিল্লা জেলাতে জিবিভি ওয়ার্কিং গ্রুপের সভা করা হয়েছে , যেখানে উক্ত জেলার মোট ৩০০ জন ওয়ার্কিং গ্রুপ সদস্য অংশগ্রহণ করেছেন। এছাড়াও সম্প্রতি **বরগুনা** জেলার উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তরের আয়োজনে women lead organization এর নির্বাহী পরিচালক/ প্রতিনিধিদের নিয়ে ২ দিনের আবাসিক প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে । এই প্রশিক্ষণে মোট ২৫ জন প্রতিনিধি এই প্রশিক্ষণে অংশগ্রহন করেছেন।

- **জাতীয় জিবিভি রেফারেল গাইডলাইন** এর বাংলা খসড়া প্রস্তুতের কাজ সম্পন্ন হয়েছে যা অনুমোদনের পূর্বে টেকনিক্যাল কমিটির পর্যবেক্ষনের মাধ্যমে মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। মূলতঃ সমন্বিত রেফারেল সেবা প্রদানের জন্য সকল জিবিভি সেবাদানকারী প্রতিষ্ঠানের জন্য এটি একটি দিকনির্দেশনা হিসাবে কাজ করবে।

## প্রকল্পের আর্থিক অগ্রগতি

প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৮২৬.১৪ (লক্ষ টাকা) সম্পূর্ণ বৈদেশিক সাহায্য (UNFPA এর অনুদান):

- ২০২৩-২০২৪ অর্থবছরে প্রকল্পের বরাদ্দ ২৪০.১৬ লক্ষ টাকা ও ব্যয় ২৩১.৬৬ লক্ষ টাকা যার আর্থিক অগ্রগতি ৯৬.৪৬ %
- ২০২৪-২০২৫ অর্থবছরে প্রকল্পের ব্যয় ৩১৪.২৩ লক্ষ টাকা ও ব্যয় ৫৮.৩ লক্ষ টাকা যার আর্থিক অগ্রগতি ১৮.৪৭%
- ২০২৫-২০২৬ অর্থবছরে প্রকল্পের ব্যয় ২৫৬.০০ লক্ষ টাকা ও ব্যয় ৫.৪৩৮লক্ষ টাকা যার আর্থিক অগ্রগতি ০,৩%( অক্টোবর পর্যন্ত
- এই প্রকল্পের শুরু থেকে এ পযন্ত অগ্রগতি ৮২৬.১৪ লক্ষ টাকা ও ব্যয় ২৮৯.৬৯ লক্ষ টাকা যার আর্থিক অগ্রগতি ৩৬.০০%

প্রকল্প পরিচালক: জেসমিন আরা, সহকারী পরিচালক, পরিকল্পনা ও মূল্যায়ন শাখা, মোবাইল 01711289504,
email: jessy18dwa@gmail.com

বাস্তবায়নকারী সংস্থা: মহিলা বিষয়ক অধিদপ্তর এবং কারিগরি সহায়তায় ইউএনএফপিএ ।

২০/১১/২৫

Jesmin Ara
Project Director
Promoting Rights & Advancement of
Girls to Prevent GBV
Department of Women Affairs.